



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল  
www.barisalboard.gov.bd

স্মারক নং- বশিবো/বিঅ/২০২২/৪৩৩২

তারিখঃ ০৯/০১/২০২২ খ্রি.

বিষয়ঃ বরগুনা জেলার আমতলী উপজেলাধীন চলাভাঙ্গা মাধ্যমিক বিদ্যালয় এর প্রধান শিক্ষক জনাব মোঃ শাহজাহান কবির এবং পূর্ব চিলা রহমানিয়া মাধ্যমিক বিদ্যালয় এর প্রধান শিক্ষক জনাব এন আর হুমায়ুন কবির এর চাকুরির মেয়াদ বর্ধিত করণ সংক্রান্ত শিক্ষা মন্ত্রণালয়ের পত্র ভূয়া প্রমানিত হওয়ায় পরবর্তী ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।


সূত্রঃ শিক্ষামন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৩.৪১.১০২.১৬-৫৫৪(ক) তারিখঃ ১০ অক্টোবর ১৯২৮  
২৫ নভেম্বর ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৯০.১২(অংশ-২)-৪৪২, তারিখঃ ০২/১১/২০২১ এবং ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৯০.১২(অংশ-২)-৩৯৯, তারিখঃ ৩১/০৮/২০২১ পত্র মোতাবেক যথাক্রমে জনাব মোঃ শাহজাহান কবির, প্রধান শিক্ষক, চলাভাঙ্গা মাধ্যমিক বিদ্যালয় ও জনাব এন আর হুমায়ুন কবির প্রধান শিক্ষক, পূর্ব চিলা রহমানিয়া মাধ্যমিক বিদ্যালয় উভয়ের চাকুরির বয়স সীমা ৬০ (ষাট) বছর পূর্ণ হওয়ায় উভয় প্রতিষ্ঠানের পরিচালনা কমিটি তাদের চাকুরি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রজ্ঞাপিত (২৮/০৩/২০২১ তারিখে প্রকাশিত) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০২১ এর ১১.১১ ধারা মোতাবেক পরবর্তী ০২ (দুই) বছর বৃদ্ধি করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করে রেজুলেশন করেন। উক্ত নীতিমালায় সুস্পষ্টভাবে নির্দেশ রয়েছে যে, চাকুরির মেয়াদ বর্ধিতকরণের জন্য সরকারের পূর্ব অনুমোদন গ্রহণ করতে হবে। বর্ণিত শিক্ষা প্রতিষ্ঠান দুটির প্রধান শিক্ষক তাদের রেজুলেশন সমূহ একটি দুই চক্র কর্তৃক প্রতারণার মাধ্যমে শিক্ষা মন্ত্রণালয়ের বর্ণিত দুটি স্মারক বেসরকারি মাধ্যমিক-০২ শাখার উপসচিব জনাব আনোয়ারুল হক এর স্বাক্ষরিত যে কোন একটি পত্রের স্বাক্ষর ও স্মারক স্ক্যান করে ভূয়া পত্র ইস্যুর মাধ্যমে ঢাকার একটি ই-মেইল থেকে আমতলী উপজেলার একটি কম্পিউটারের দোকান থেকে উক্ত ই-মেইল কপি বের করে প্রধান শিক্ষকের পদে তাদের চাকুরির মেয়াদ বর্ধিত হয়েছে মর্মে উভয় প্রধান শিক্ষক উক্ত পদে বহাল রয়েছেন। যা তদন্ত কার্যক্রমে এর সত্যতা প্রমানিত হয়। সুতরাং জনাব মোঃ শাহজাহান কবির ও জনাব এন আর হুমায়ুন কবির এর প্রধান শিক্ষক পদে চাকরি করা সম্পূর্ণ বেআইনি এবং অবৈধ মর্মে প্রতীয়মান।

এমতাবস্থায় বরগুনা জেলার আমতলী উপজেলাধীন চলাভাঙ্গা মাধ্যমিক বিদ্যালয় এর প্রধান শিক্ষক জনাব মোঃ শাহজাহান কবির এবং পূর্ব চিলা রহমানিয়া মাধ্যমিক বিদ্যালয় এর প্রধান শিক্ষক জনাব এন আর হুমায়ুন কবির কে সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষকের পদ থেকে অব্যাহতি প্রদান করে প্রধান শিক্ষকের পদে সহকারী প্রধান শিক্ষককে দায়িত্বভার দিয়ে এমনকি যদি সহকারী প্রধান শিক্ষকের পদ শূণ্য থাকে তাহলে জ্যেষ্ঠতম শিক্ষককে স্বিধিমোতাবেক দায়িত্বভার দিয়ে বিদ্যালয়ের পাসওয়ার্ড বরিশাল শিক্ষাবোর্ড থেকে গ্রহণ করার জন্য বলা হলো।

০২। পত্র ইস্যুর তারিখ থেকে এ আদেশ কার্যকর হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে-

  
মোঃ রফিকুল ইসলাম খান

বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড  
বরিশাল।

সভাপতি

ম্যানেজিং/এডহক কমিটি

চলাভাঙ্গা মাধ্যমিক বিদ্যালয় ও পূর্ব চিলা রহমানিয়া মাধ্যমিক বিদ্যালয়  
আমতলী, বরগুনা।

কার্যার্থে বিতরণ করা হলোঃ

০১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০২। জেলা প্রশাসক, বরগুনা

০৩। উপজেলা নির্বাহী অফিসার, আমতলী, বরগুনা

০৪। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বরিশাল অঞ্চল, বরিশাল

০৫। জেলা শিক্ষা অফিসার, বরগুনা

০৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আমতলী, বরগুনা

০৭। ম্যানেজার, সংশ্লিষ্ট ব্যাংক

০৮। প্রধান শিক্ষক, চলাভাঙ্গা মাধ্যমিক বিদ্যালয় ও পূর্ব চিলা রহমানিয়া মাধ্যমিক বিদ্যালয়, আমতলী, বরগুনা

০৯। জনাব মোঃ শাহজাহান কবির, চলাভাঙ্গা মাধ্যমিক বিদ্যালয়, আমতলী, বরগুনা

১০। জনাব এন আর হুমায়ুন কবির, পূর্ব চিলা রহমানিয়া মাধ্যমিক বিদ্যালয়, আমতলী, বরগুনা

১১। সংরক্ষণ নথি